Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৵০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

অরবিন্দ এণ্ড কোং
মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

৪০শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৫ই পৌষ বুধবার ১৩৬০ ইংরাজী 30th Dec, 1953 | ৩১শ সংখ্যা



সকল ঘরের তরে…
দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Service

## সাফল্য ও সমৃদ্ধির পথে

বৃহত্তর ক্ষেত্রে জনসেবার যে গৌরব ও জনগণের যে অকুণ্ঠ আস্থার উপর ভিত্তি করিয়া হিন্দুস্থান উত্তরোত্তর সমৃদ্ধির পথে অগ্রসর হইতেছে এবং যে সঙ্গতি, সততা ও প্রতিষ্ঠা হিন্দুস্থানের পূর্ব্বাপর বৈশিষ্ট্য, তাহার সুস্পষ্ট পরিচয় পাওয়া যায় ইহার ১৯৫২ সালের ৪৬তম বার্ষিক কার্য্য-বিবরণীতে।

নূতন বীমা
১৬,৩৮,৭৯,২৯৮৲

মোট চলতি বীমা ………… ৮৬,৭১,৮৫,০৪০৲
মোট সম্পত্তি ………… ২২,০৯,৮৩,০৫৬৲
বীমা ও বিবিধ তহবিল ………… ১৯,৭৭,৭৬,২৮৭৲
প্রিমিয়ামের আয় ………… ৩,৯৪,২২,৩৭১৲
দাবী শোধ (১৯৫২) ………… ৮৮,৮২,২৭১৲

হিন্দুস্থানের বীমাপত্র নিরাপদ সারবান ও লাভজনক।

হিন্দুস্থান কো-অপারেটিভ
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৫ই পৌষ বুধবার সন ১৩৬০ সাল

# কলিকাতা বিশ্ববিদ্যালয়ের

## আগামী বর্ষের সমাবর্ত্তন উ...

—০—

কলিকাতা সুরেন্দ্রনাথ কলেজের জনৈক ছাত্র বর্ত্তমান ১৯৫৩ অব্দে বি. এস্-সি. পরীক্ষায় যে কৃতিত্ব দেখাইয়াছে তাহা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে স্বর্ণাক্ষরে লিপিবদ্ধ হইয়া থাকা উচিত।

ছাত্রটির নাম শ্রীমান্ তপেন্দ্রনাথ রায়। তপেন্দ্র পরীক্ষা দিয়া নম্বর পায় অঙ্কে তিন শতের মধ্যে ২২৫ ফিজিক্সে ১৮২, কেমিষ্ট্রীতে ১২৫। মোট ৯০০ নম্বরের মধ্যে পাইল ৫৩২। কিন্তু কেমিষ্ট্রীতে ১২৫-এর মধ্যে থিওরিটিক্যালে ৯৩ এবং প্র্যাকৃটিক্যালে ৩২ পাইল। বিশ্ববিদ্যালয়ের ধুরন্ধর বিশ্ব-পণ্ডিতগণের বিচারে তাহাকে তবুও ফেল করিয়া দেওয়া হইল এই কারণে, যেহেতু শ্রীমান্ তপেন্দ্র প্র্যাকৃটিক্যালে ৪০ না পাইয়া ৩২ পাইয়াছে। আইনের মা-বাপ হাইকোর্টের প্রাক্তন বিচারপতি শ্রীশম্ভূনাথ বন্দ্যোপাধ্যায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বর্ত্তমান বেতনভোগী ভাইস্-চ্যান্সেলর।

শ্রীমান্ তপেন বিশ্ববিদ্যালয়কে লিখিল যে রেগুলেশনের ৩৬ অধ্যায়ের ৫নং ধারা অনুসারে তাহার পাশ হইবার কথা। ঐ নিয়মে আছে যে কোন পরীক্ষার্থী যদি মোট নম্বরের শতকরা ৫০-এর বেশী পায় এবং কেবলমাত্র একটি বিষয়ে ঐ বিষয়ের শতকরা ৫ নম্বরের জন্য ফেল করে তবে তাহাকে পাশ করিয়া দেওয়া হইবে। বিশ্ববিদ্যালয় এই আবেদন গ্রাহ্য করিলেন না, তপেন রায় ফেল হইয়া গেল।

তখন শ্রীমান্ হাইকোর্টে নালিশ করিল। রেগুলেশনের যে ব্যাখ্যা ছাত্রটির পক্ষে করা হইয়াছিল হাইকোর্ট তাহা গ্রাহ্য করিলেন এবং আরও বলিলেন যে রেগুলেশনে বলিতেছে যে কোন বিষয়ে মোট ১০০ পাইলেই পাশ হইবে, থিওরিটিক্যালে ৬০ এবং প্র্যাকৃটিক্যালে ৪০ আলাদা করিয়া পাইতে হইবে এমন কোন কথা রেগুলেশনে নাই। বিশ্ববিদ্যালয় আদালতে যে দলিল উপস্থিত করিয়াছিলেন তাহার কোন কোন স্থান রবার দিয়া মুছিয়া দেওয়া ছিল বলিয়া হাইকোর্ট তাহা অগ্রাহ্য করেন এবং এই কাজের নিন্দা করেন। হাইকোর্ট তাহাকে পাশ বলিয়া সিদ্ধান্ত করিলেন।

শ্রীমান্ তপেন এইবার পঞ্চম বার্ষিক শ্রেণীতে আ...র ক্লাসে ভর্ত্তি হইবার জন্য রেজিষ্ট্রার এবং পোষ্ট-গ্রাজুয়েট ... ...িকট আবেদন করিল। বিশ্ববিদ্যালয় তখন আপীলের তোড়জোড় করি...ছেন। তপেন্দ্র বলিল যে আপীল সাপেক্ষে তাহাকে এই সর্ত্তে ভর্ত্তি করা হউক যে মামলায় সে হারিয়া গেলে তাহার ভর্ত্তিও নাকচ হইয়া যাইবে। এখন আপীলের রায় পর্য্যন্ত যদি তাহাকে ভর্ত্তি না করা হয় তবে তার একটা বৎসর নষ্ট হইয়া যাইবে। তাহাকে জানাইয়া দেওয়া হইল যে ভর্ত্তির শেষ তারিখ পার হইয়া গিয়াছে, সুতরাং ভর্ত্তি হইতে পারিবে না। ছাত্রটি বলিল শেষ তারিখ পার হওয়ার জন্য সে দায়ী নয়, হাইকোর্ট তাহাকে পাশ ঘোষণা করার পর সে ভর্ত্তি হইতে আসিয়াছে। ইতিমধ্যে শেষ তারিখ পার হইয়া গিয়াছে। বিশ্ববিদ্যালয় সব সময়েই শেষ তারিখের পর ভর্ত্তি হওয়ার বিশেষ অনুমতি দিতে পারেন, এরূপ ক্ষেত্রে উহা তাহার প্রাপ্য। আরও একটি বিচিত্র ব্যাপার ঘটিল। বিশ্ববিদ্যালয় এই সময় ভর্ত্তির শেষ তারিখ সকলের জন্য বাড়াইয়া দিলেন। তপেন তখনই আবার ভর্ত্তির দরখাস্ত করিল, কিন্তু কর্ত্তৃপক্ষ তাহার আবেদনটী বাছিয়া বাদ দিলেন, উহা গ্রহণ করিলেন না। কোন কারণ দেখাইলেন না, তাহার আবেদনপত্রটি হাতে নিতেই কর্ত্তারা অস্বীকার করিলেন। বেচারা ফিরিয়া আসিল।

তপেন তখন সুবোধ বন্দ্যোপাধ্যায় এম-এল-এর কাছে আসিয়া দেখা করিল এবং তাহার অসহায় অবস্থার কথা জানাইল। সুবোধ বন্দ্যোপাধ্যায় ডাঃ বিধান রায়কে উহা জানাইলেন। তিনি ডাঃ রায়কে বলিলেন যে বিশ্ববিদ্যালয় যদি আপীল করেও তথাপি 'প্রভিসনাল' ভাবে ভর্ত্তি করিতে কি আপত্তি থাকিতে পারে। ডাঃ রায় বিশ্ববিদ্যালয়ের নিকট বিষয়টি জানিতে চাহিলেন। তাঁহারা বলিলেন যে এই ছাত্রকে ভর্ত্তি করা হইবে না।

বিশ্ববিদ্যালয়ের কর্ত্তারা বিক্রম ফলাইলেন বটে, তবে সুবোধ বন্দ্যোপাধ্যায় বিষয়টি ধরিয়াছেন জানিয়া প্রাণটাও একটু ধুক ধুক করিতে লাগিল। তাঁহারা এবার এক বড় ব্যারিষ্টারের নিকট আপীল সম্বন্ধে পরামর্শ চাহিলেন। তিনি বলিলেন—খবরদার আপীল করিতে যাইবেন না, আরও চুণকালি মাখিয়া আসিতে হইবে।

বিশ্ববিদ্যালয়ের মৌরসী পাট্টাধারী প্রভুদের বিক্রম সম্পূর্ণরূপে চুপসাইয়া গেল। মাথাটি নীচু করিয়া তপেন রায়কে পাস বলিয়া ঘোষণা তো করিতেই হইল, আরও ২৮টি ছাত্রকে পাশ করিয়া দিতে হইল। শুধু যে পাশ করিয়া দেওয়া হইল তাহা নহে, ঐ সঙ্গে প্রভুরা আরও আদেশ দিলেন যে ভর্ত্তির তারিখ পার হওয়ার পর ইহাদিগকে ভর্ত্তি করা হইবে, জরিমানা লাগিবে না, যে সব পার্সেণ্টেজ নষ্ট হইয়াছে তাহাও তাহারা পাইবে, যদি কেহ কম্পার্টমেণ্টাল পরীক্ষার ফী জমা দিয়া থাকে তাহাও ফেরত পাইবে।

এই ব্যাপার জানাজানির পর অনুরূপ অবস্থায় পূর্ব্ব পূর্ব্ব বৎসর যাহারা ফেল করিয়াছিল, তাহারা বিশ্ববিদ্যালয়কে ক্ষতিপূরণের দাবী করিয়া চিঠি দিতে আরম্ভ করিয়াছে।

আগামী বর্ষের সমাবর্ত্তন-ভাষণে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এই যশোগাথা যেন গোপন রাখা না হয়।

## সাইকেল-আরোহী ও গো-গাড়ীর গাড়োয়ানদের জ্ঞাতব্য

জঙ্গিপুরের মহকুমা পুলিশ অফিসার মহোদয় জানাইতেছেন—স্থানীয় সাইকেল-আরোহী ও গো-গাড়ীর গাড়োয়ানগণ সূর্য্যাস্তের পর বিনা বাতিতে গাড়ী চালাইয়া থাকে। অনেক সময় গাড়োয়ানগণ রাস্তার মাঝে গাড়ী রাখিয়া পথচারী-দের অসুবিধা করে। এই সব কার্য্য সম্পূর্ণ বে-আইনী। পুলিশ বিনা ওয়ারেণ্টে অপরাধিগণকে

গ্রেপ্তার করিতে পারিবে। আগামী ১৯৫৪ সালের ১লা জানুয়ারী হইতে স্থানীয় পুলিশ কর্তৃপক্ষ এই বিষয়ে বিশেষ ব্যবস্থা অবলম্বন করিবেন। এখন হইতে সাইকেল-আরোহী ও গাড়োয়ানগণের সতর্ক হওয়া বাঞ্ছনীয়।

---

## স্থলশুল্ক বিভাগের পাক্ষিক কার্যবিবরণী

গত ১৫ই ডিসেম্বর সমাপ্ত পক্ষকালে স্থলশুল্ক কর্মচারীরা যেসব চোরাচালানী কারবার ধরেন তাহাতে আনুমানিক ৩৭,০৪৬ টাকার মাল আটক করা হয়। প্রধানতঃ সোনা, রূপা, প্রাক্-দেশ-বিভাগকালীন নোট, সূতী বস্ত্র, সুপারি, বিদেশী ঔষধ, রেজগি, বিবিধপ্রকার পণ্য, ভারতীয় ও পাকিস্থানী নোটের চোরাই চালান ধরা পড়ে।

---

## গঙ্গাসাগর মেলা

তীর্থযাত্রীদের কলেরা ও বসন্তের টিকা লওয়া কর্ত্তব্য

১৯৫৪ সালের ১২ই জানুয়ারী হইতে ১৫ই জানুয়ারী পর্য্যন্ত বাৎসরিক গঙ্গাসাগর মেলা অনুষ্ঠিত হইবে। ইতিপূর্ব্বে দেখা গিয়াছে যে, এই মেলার সময় বা তাহার স্বল্পকাল পরে মহামারী আকারে কলেরা ও বসন্তের প্রাদুর্ভাব হয়। সেই জন্য পুণ্যকামীদের মেলা অভিমুখে যাত্রা করার পূর্ব্বে যথাযথভাবে কলেরা ও বসন্তের টিকা লওয়া প্রয়োজন। পুণ্যকামীদের সঙ্গে স্বাস্থ্য-বিভাগীয় কর্তৃপক্ষের প্রদত্ত কলেরা-বসন্তের টিকা লওয়ার প্রমাণপত্র না থাকিলে তাঁহাদিগকে মেলাক্ষেত্রে প্রবেশ নাও করিতে দেওয়া যাইতে পারে।

---

## নোটিশ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে অত্র জঙ্গিপুর মহকুমার সুতী ও ফরাক্কা নির্ব্বাচন ক্ষেত্রের বিধান সভা সমূহের ১৯৫৩ সালের চুড়ান্ত ভোটার তালিকাগুলি গত ১৯৫৩ সালের ২৪শে ডিসেম্বর তারিখে যথানিয়মে যথাক্রমে সুতী থানা অফিসে ও ধুলিয়ান পৌরসভার অফিসে এবং সাধারণের অবগতির জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন বোর্ড ও পৌরসভার অফিসে টাঙ্গান হইয়াছে এবং আগামী জানুয়ারী মাসের ৭ই তারিখ পর্য্যন্ত টাঙ্গান থাকিবে। ইতি ২৮শে ডিসেম্বর, ১৯৫৩ সাল।

Sd./ S. Biswas,
Sub-Divisional Officer,
Jangipur, 28.12.53.

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ১১ই জানুয়ারী ১৯৫৪*

১৯৫৩ সালের ডিক্রীজারী

৩৮৫ থাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং এলাহিবক্স সেখ দিং দাবি ৮৪৫৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ৫-৩৩ শতকের কাত নিজাংশে ১০৷৴৯ আঃ ৫৫৲ থং ১৫৭, ৭৭৭

উপরের নম্বরটী ২৬।১২।৫৩ তারিখে পাওয়া গিয়াছে।

## *চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত*

### *নিলামের দিন ১৫ই ফেব্রুয়ারী ১৯৫৪*

১৯৫৩ সালের ডিক্রীজারী

১৩৮ থাং ডিঃ ফুলচাঁদ শেঠি দেং করিমন বিবি দাবি ৪১৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশীপুর ১-১৬ শতকের কাত ৩৸৵৫ আঃ ৫৲ থং ১৪২

১৯১ থাং ডিঃ ঐ দেং তাজুরুদ্দিন মোল্লা দিং দাবি ১৬॥৬ থানা ঐ মৌজে চক কুতুবপুর ৬৭ শতকের কাত ২৵০ আঃ ৫৲ থং ১৭

৫৩৮ থাং ডিঃ ঐ দেং বিনয়কুমার রায় দিং দাবি ১৪৲ থানা ঐ মৌজে বহড়া ৫৫ শতকের কাত ১৵৫ আঃ ৫৲ থং ১১৭

৫৩৯ থাং ডিঃ ঐ দেং ত্রিপদগামিনী দাসী দাবি ১৪।৵০ মৌজাদি ঐ ১-০১ শতকের কাত ৩৸৬ আঃ ১০৲ থং ২৭৭

৪১৭ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং খরিয়ত সেখ দিং দাবি ৫১৸৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে চকসাদপুর ১-৫৮ শতকের কাত ৬।৵০ আঃ ৩০৲ থং ৫২, ২১, ৪৫, ৮৫, ৮৬

৪১৮ থাং ডিঃ ঐ দেং কৃষ্ণনারায়ণ সিং নাবালক দাবি ৩৯৸০ থানা রঘুনাথগঞ্জ মৌঃ সাদপুর বিনোদীঘি ১-৫৫ শতকের কাত ৪॥০ আঃ ২৫৲ থং ৮৩, ১৪৩

৪৩৩ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং অরেশতুল্লা দাবি ২৭/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে খড়কাটী ৩৮ শতকের কাত ১৸৵০ আঃ ১৫৲ থং ২৪০

৪৩৪ থাং ডিঃ ঐ দেং ওসমান সেখ দিং দাবি ২৮৸৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে খড়কাটী ৪২ শতকের কাত ২৸/০ আঃ ১৫৲ থং ২৩৯

৫৯১ থাং ডিঃ মাতুয়ালী আবুল হোসেন মহম্মদ কলিমুল্লাহ দেং তিনকড়ি রায় দাবি ৩৩॥৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কানুপুর ৩-৭০ শতকের কাত ৬৵৮ আঃ ২০৲ থং ৩ রায়ত স্থিতিবান।

৫৬৩ থাং ডিঃ ভূপেন্দ্রমোহন সরকার কমন ম্যানেজার দেং মাধবচন্দ্র সরকার দাবি ১৫॥৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধলো ৩২ শতকের কাত ১।০ আঃ ৫৲ থং ৬৫

৫৭৬ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং শ্যামাপদ রায় দিং দাবি ৩৪॥৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে খোদরামপুর ১-২৪ শতকের কাত ৪॥৮ পাই আঃ ১০৲ থং ১৮১ রায়ত স্থিতিবান।

৫৭৫ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ২৯।৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহাজাদপুর ১-৩০ শতকের কাত ৩॥৶০ আঃ ৫৲ থং ২২০ রায়ত স্থিতিবান।

৫৭৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩।০ মৌজাদি ঐ ২৬ শতকের কাত ॥৶২ পাই আঃ ৩৲ থং ২১৭ রায়ত স্থিতিবান।

৫৭৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯॥/৯ মৌজাদি ঐ ৬৭ শতকের কাত ॥৶২ পাই আঃ ৩৲ থং ২১৬ রায়ত স্থিতিবান।

৫৭৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭॥৶৩ মৌজাদি ঐ ১৫ শতকের কাত ।৪ পাই আঃ ২৲ থং ২১৫ রায়ত স্থিতিবান।

৫৯৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬০৸৶৯ মৌজাদি ঐ ২-১৩ শতকের কাত ৯।৶১ পাই আঃ ১০৲ থং ২১৮ রায়ত স্থিতিবান।

৫৯৫ ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪॥/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে জালালপুর ৬৭ শতকের কাত ২৸০ আঃ ৫৲ থং ১৬৭ রায়ত মোকররী।

৫৯৪ থাং ডিঃ ঐ দেং আনোয়ার আলী মণ্ডল দিং দাবি ৬২৸/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেগুা জামুয়ার ২-৯৫ শতকের কাত ৯॥০ আঃ ১০৲ থং ১২০৫ রায়ত মোকররী

৫৪৮ থাং ডিঃ পঙ্কজকুমার দাস দেং যামিনীমোহন ঘোষ দিং দাবি ৩৩৮/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতকমল ও উসমানপুর ১-৮৫ শতকের কাত ৩৮১৬ আঃ ১০্ থং জোতকমল ৪০০ উসমানপুর ৪১৬য় অধীনস্থ ৪১৭

৩৭৭ থাং ডিঃ সীমা দেবী দেং তিনকড়ি দাস দাবি ২৩৷৶৬ থানা সুতী মৌজে নজিরপুর ১-৮৮ শতকের কাত ৩্ আঃ ১০্ থং ৪৮

৩৮০ থাং ডিঃ ঐ দেং সুহাগী দাসী দিং দাবি ২২৸০ মৌজাদি ঐ ৫-৩০ শতকের কাত ৩৷৴০ আঃ ১০্ থং ৭৯

৩৭৯ থাং ডিঃ ঐ দেং দ্বিজপদ মিস্ত্রী দিং দাবি ৩৯৷৶৬ থানা সুতী মৌজে বংশবাটী ২-১৬ শতকের কাত ৮/৫ আঃ ১৫্ থং ১৯৫৬

২৭৯ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং সুরেন্দ্রনারায়ণ সরকার দিং দাবি ৪৫৸৶০ থানা সুতী মৌজে হাজিপুর ৪-৬২ শতকের কাত ৮৷৶৭ নিজাংশে ১৷৶১ আঃ ১০্

৫০৩ থাং ডিঃ ঐ দেং আশুরুদ্দিন মণ্ডল দিং দাবি ৮৬৷৴৯ থানা সুতী মৌজে খিদিরপুর ৬৬৩ শতকের কাত ১১৷৴০ নিজাংশে ১৮৶২ আঃ ১০্

৩৪ মনি ডিঃ বিষ্ণুচরণ মণ্ডল (বড়) দেং কৃষ্ণকামিনী বর্ম্মণ্যা দাবি ৬৪৪/৩ থানা সুতী মৌজে বসন্তপুর ৬৭ শতকের কাত ১৮০ আঃ ৫৫্ থং ৫৬ অধীনস্থ থং ৬২, ৬৫, ৫৭, ৬৪

৫৩ মনি ডিঃ ক্ষিতীন্দ্রনাথ মণ্ডল দেং উম্মর সেখ দাবি ৪৭২৸৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বহড়া ৪-২৪ শতকের ৭/৪৮ অংশ জমা ১২৷৶০ আঃ ৩০০্ থং ১৩ ২নং লাট মৌজাদি ঐ ১০ শতকের ৭/৪৮ অংশ জমা ১৷/৩ মায় গৃহাদি আঃ ৩০্ থং ১৪ ৩নং লাট মৌজাদি ঐ ২-৩৪ শতকের ৭/৪৮ অংশ জমা ১৷০ আঃ ৩৮্ থং ৫৪৫ ৪নং লাট মৌজাদি ঐ ১-৩১ শতকের ৭/৪৮ অংশ জমা ৬্ আঃ ১০০্ থং ৫৪৮ ৫নং লাট থানা সাগরদীঘি মৌজে খেরুর ৭৫ শতক মধ্যে ৭/৪৮ অংশ জমা ৩৷০ আঃ ৬৫্ থং ১২৭১ ৬নং লাট মৌজাদি ঐ ১-৫০ শতক মধ্যে ৭/৪৮ অংশ জমা ৯৸৶০ আঃ ১২৫্ থং ৮৮৩

৬৮ মনি ডিঃ আবদুল গণি মিঞা দেং আবদুল রহমান খাঁ দাবি ১০১৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ৩ শতকের কাত ষোল আনায় ২৷৶১০ আঃ ৯০্ থং ৪৩১

---

# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জ বা কু সু ম তৈ লে র গু ণ অ তু ল নী য়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ ( লে ) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন ( ২ ) ও ( ৫ ) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ ( লে ) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বলা যায়।

( ১ )

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

( ২ )

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ,
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

( ৩ )

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে।
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

( ৪ )

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

( ৫ )

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—

শ্রীশরৎ পণ্ডিত ( দা' ঠাকুর )

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### *নিলামের দিন ১৮ই জানুয়ারী ১৯৫৪*

১৯৫৩ সালের ডিক্রীজারী

১৬৫ থাং ডিঃ সেবাইত মহান্ত মদনমোহন দাস দেং গুদড় মাল দাবি ২২।৵৩ থানা সাগরদীঘি মৌজে ডোমাইপুর ৮৬ শতকের কাত ২।৵১ আঃ ৭৫৲ থং ২১৩ রায়ত মোকররী

১৬৭ থাং ডিঃ ঐ দেং সুধীরকুমার চট্টোপাধ্যায় দিং দাবি ২২৩৬ থানা ঐ মৌজে খৈরাটী ১-৪০ শতকের কাত ১।/১৩ আঃ ১০৫৲ থং ৫৫৪ রায়ত মোকররী

১৬ অন্য ডিঃ গোবিন্দসুন্দর সিংহ চৌধুরী ষ্টেটের রিসিভার নৃসিংহকুমার সিংহ দেং জেবাদ মল্লিক দিং দাবি ৬৪৷৷/৯ থানা সাগরদীঘি মৌজে শীতলপাড়া ৭৫ শতকের কাত ৬৲ আঃ ৬৫৲ থং ৫৯

## *চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত*

### *নিলামের দিন ২২শে ফেব্রুয়ারী ১৯৫৪*

১৯৫৩ সালের ডিক্রীজারী

২৭১ থাং ডিঃ গবর্ণমেণ্ট অব ওয়েষ্ট বেঙ্গল ট্রাষ্টি অব বি. এল. মুখার্জ্জির ট্রাষ্ট এষ্টেট দেং মৃত বরদা প্রসাদ সাহার ওয়ারিশ রমাপ্রসাদ সাহা দিং দাবি ৯৭৵৯ থানা সাগরদীঘি মৌজে মেঘা, রতনপুর ও ব্রাহ্মণীগ্রাম ৩১-৩৭ শতকের কাত ৪৬৷৷০ আঃ ৫০৲ থং মেঘা ৫, রতনপুর ৫, ব্রাহ্মণীগ্রাম ৫

২৭২ থাং ডিঃ বীরেন্দ্রনাথ মহাতা দেং নীরদা দাসী দিং দাবি ১৪৷৷/০ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৯৯ শতকের কাত ৪৷৷৵৫ আঃ ৫৲ থং ৪১৮

৩১৩ থাং ডিঃ সেবাইত রাজা প্রতিভানাথ রায় দেং ভোলানাথ ঘোষ দাবি ১৬৷৷৵৬ থানা সাগরদীঘি মৌজে যাদবপুর ৫৯ শতকের কাত ১।৵৩ আঃ ১০৲ থং ১৪৮

৩০৯ থাং ডিঃ ভূপেন্দ্রমোহন সরকার কমন ম্যানেজার দেং বিশ্বনাথ রায় ক্ষিপ্তমনা পক্ষে অলি জেঠিমাতা গিরিবালা দেবী দাবি ৩৭৸৵০ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ১-১০ শতকের কাত ৪৸৵৫ আঃ ২০৲ থং ১৪২

৩১১ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং অমূল্য চরণ সাহা দিং দাবি ৪৮৸৵৬ থানা সমসেরগঞ্জ মৌজে দুর্গাপুর ১-২২ শতকের কাত ৭।৵৩ আঃ ৩০৲ থং ২৪৭ রায়ত স্থিতিবান।

৩১৮ থাং ডিঃ ভৌরীলাল বয়েদ দিং দেং মাজু বিবি দিং দাবি ৪৪৵৯ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ১-৭৬ শতকের কাত ৬।/১৫৷৷ আঃ ২৫৲ থং ৮১৩।৮১২

১২৯ থাং ডিঃ শোভেন্দ্রনাথ মজুমদার দেং কোবাদ সেথ দিং দাবি ১৯৸৵০ থানা ফরাক্কা মৌজে অনুপনগর কামাত আকুড়া ১০ শতকের কাত ১৵/২৷৷ আঃ ৫৲ থং ২০৭৬

---

## *বিজ্ঞপ্তি*

জংগীপুর উচ্চ বিদ্যালয়ের প্রাথমিক বিভাগে এতদিন কেবল তৃতীয় ও চতুর্থ শ্রেণীই ছিল। আগামী বর্ষ (১৯৫৪) হইতে এখানে এই সঙ্গে প্রথম ও দ্বিতীয় শ্রেণীও খোলা হইতেছে। সুযোগ্য শিক্ষকের তত্ত্বাবধানে বেশ যত্ন ও মনোযোগের সহিত এখানে পড়ান হয়।

শ্রীঅমরনাথ রায়, প্রধান শিক্ষক,
জংগীপুর উচ্চ বিদ্যালয় (প্রাথমিক বিভাগ)

---

## জঙ্গীপুর কলেজ উন্নয়ন লটারী

(গভর্ণমেণ্ট অনুমোদিত)

*টিকিটের মুল্য ১৲ টাকা মাত্র*

## *অনূ্যন এক লক্ষ টাকার*

*টিকিট বিক্রয়ের পরিকল্পনা*

প্রথম পুরস্কার—দেয় অর্থের শতকরা ৫০ ভাগ
দ্বিতীয় পুরস্কার „ „ „ ২৫ „
তৃতীয় পুরস্কার „ „ „ ৫ „
অতিরিক্ত ২০টী পুরস্কার
প্রতিটী—দেয় অর্থের শতকরা এক ভাগ

আগামী ৪ঠা এপ্রিল বেলা বারটায় জঙ্গীপুর কলেজে প্রকাশ্যভাবে মহকুমা শাসকের তত্ত্বাবধানে ড্রইং হইবে।

টাকা জমা দিবার শেষ তারিখ ২৪শে মার্চ '৫৪

সর্ব্বসাধারণের সহানুভূতি প্রার্থনীয়

প্রতি টাকায় দুই আনা কমিশনে সর্ব্বত্র এজেণ্ট নিযুক্ত করা হইবে।

---

## বিজ্ঞাপন

আজিমগঞ্জ রাজ এষ্টেটের অধীন জঙ্গিপুর মহকুমার অন্তর্গত নিম্ন ঠিকানার জমিগুলি বিলি বন্দোবস্ত (হস্তান্তর) হইবে। গ্রাহকগণ সত্বরেই সদর রাজধানী মোকামে কুমার বাহাদুরের নিকট আবেদন করুন। ইতি তাং ১০ই পৌষ, ১৩৬০

শ্রীজয়গোপাল ভট্টাচার্য্য
তহশীলদার
আজিমগঞ্জ রাজ এষ্টেট
মোঃ জঙ্গিপুর কুঠিবাড়ী।


| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | মৌজে | খেরুর | মধ্যে | ধানী | জমি | ৫/০ | বিঘা। |
| ২। | „ | সাওরাইল | „ | „ | „ | ৫/০ | „ |
| ৩। | „ | ভুরকুণ্ডা | „ | „ | „ | ৩/০ | „ |
| ৪। | „ | সিদ্ধিকালী | „ | „ | „ | ২১/০ | „ |
| ৫। | „ | ধনপৎনগর | „ | আউস | „ | ৪/০ | „ |
| ৬। | „ | চর রঘুনাথগঞ্জ | | „ | „ | ২৬/০ | „ |

---


## অপেরীণ




ডাক্তার বি. এন রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে না কো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন ক'রে লোক কি যন্ত্রণা ভোগে!
প্রথম অবস্থায় যদি করে ব্যবহার,
একেবারে বসে যাবে পাকিবে না আর
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হইবে না ছুরী দিয়ে কেটে।
দামও মোটে দেড় টাকা মাশুল তের আনা।
ফতেপুর, গার্ডেনরীচ (কলিকাতা) ঠিকানা।
ডাক্তার বি. এন. রায় এইখানে থাকে।
ঔষধ পাইতে হ'লে পত্র দেন তাঁকে।




## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

### মরা মানুষ বাঁচাইবার উপায় :—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ৮/০ আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

*বিশ্বস্ত প্রতিষ্ঠান*

## চা-সংসদে

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।